

- সিস্টেম এনালিষ্ট (বিআরটিসি) / সিনিয়র প্রোগ্রামার (সঁজ)
- প্রোগ্রামার (বিআরটিএ)
- সহকারী প্রোগ্রামার (ডিএমটিসিএল)
- সং মেং ইঞ্জিনিয়ার (ডিটিসিএ/সওজ)
- নথি

ভাইরি নং- ২৭৩
তারিখ- ০১।১০।১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীন্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রথম প্রাপ্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ

সময় : সকাল ১০.০০ ঘটিকা

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ডেক্স কর্মকর্তা ও উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি) বলেন, জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রথম প্রাপ্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) এর শুক্রাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ডেক্স কর্মকর্তা এবং অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার পক্ষে স্ব-স্ব ফোকাল প্যেন্টগণ ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ সভায় পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপকগণ তাদের উপস্থাপনায় জানান, প্রথম প্রাপ্তিকের শুক্রাচার কর্ম-পরিকল্পনাভুক্ত সকল কার্যক্রমের বাস্তবায়ন সত্ত্বেওজনক।

০১। এ বিভাগ ও এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার শুক্রাচার কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহের অগ্রগতি বিশেষতঃ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ, দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার, শুক্রাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার সংক্রান্ত বিষয়ে এ বিভাগের উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি) বলেন, দপ্তর/সংস্থায় হতে সফট কপি প্রেরণ করা হলে অনেকক্ষেত্রে দেখা যায় যে, ইউনিকোড ব্যবহার না করে SutonnyMJ ফন্ট ব্যবহার করা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন শাখা) উল্লেখ করেন যে, সংসদের প্রশ্নেক্ষণ এর সফট কপি চাওয়া হলে তারা প্রায়শ ইউনিকোড ব্যবহার না করে SutonnyMJ ফন্টে প্রেরণ করেন। বিষয়টি জেলা পর্যায় মনিটরিং করা প্রয়োজন। সিনিয়র সিস্টেম এনালিষ্ট বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনায় বলেন যে, সকল দপ্তর/সংস্থায় বেশীরভাগ ক্ষেত্রে ইউনিকোড ব্যবহার করা হয়না। এ বিষয়ে সভাপতি সকল দপ্তর/সংস্থাকে ইউনিকোড ব্যবহারের ক্ষেত্রে স্ব-স্ব ক্ষেত্রে মনিটরিং জোরদার করার উপর গুরুত্বারূপ করেন।

০৪। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া প্রসঙ্গে এ বিভাগের উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি) সভাকে অবহিত করে বলেন, সওজ প্রশিক্ষণ ক্ষেত্রে এক কোর্সে আসন সংখ্যা সীমিত হওয়া এবং প্রশিক্ষণে মনোনীত প্রশিক্ষণার্থীগণ বিভিন্ন কারণে অনুপস্থিতির জন্য লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়নি। পরবর্তী প্রাপ্তিকসমূহে লক্ষ্যমাত্রা সংশোধন করে সমন্বয় করা হবে। সভাপতি এ বিষয়ে বলেন, প্রশিক্ষণে বিনা অনুমতিতে অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের বিরুদ্ধে কারণ দর্শনোর নোটিশ জারি করতে হবে।

০৫। সভাপতি তাঁর সমাপ্তি বক্তব্যে বলেন, এ বিভাগ ও অধীন সংস্থাসমূহে শুক্রাচার প্রতিষ্ঠার জন্য শুক্রাচার পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। অফিসে ও পূর্ব নির্ধারিত সভায় যথাসময়ে উপস্থিতির বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। সভাপতি আরো উল্লেখ করেন যে, সম্প্রতি বনানীতে একটি অফিস পরিদর্শনকালে উপস্থিতি সত্ত্বেওজনক পাওয়া যায়নি। অফিসে নিয়মিত উপস্থিতির বিষয়টি ও মনিটরিং করা প্রয়োজন।

সিদ্ধান্ত :

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুল্কাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ২.২ ক্রমিকের কার্যক্রম “কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারীর আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃক্ষিমূলক সভা/প্রশিক্ষণ” এবং ২.৩ ক্রমিকের কার্যক্রম “জাতীয় শুল্কাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান” এর চলতি প্রাপ্তিকের লক্ষ্যমাত্রা কম অর্জিত হওয়ায় আগামী প্রাপ্তিকে বকেয়া সমন্বয় করে নির্ধারিত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/উপসচিব, সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা
২	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণে মনোনীত প্রশিক্ষণার্থীদের মধ্যে যারা পূর্বানুমতি ব্যতিরেকে/কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিত অনুপস্থিত ছিলেন তাদের বিবুক্তে কারণ দর্শনোর নোটিশ দিতে হবে।	উপসচিব, সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা
৩	সকল দপ্তর/সংস্থাকে দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার সংক্রান্ত বিষয়ে মনিটরিং করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান/ফোকাল পয়েন্ট
৪	প্রাপ্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিতে সংশ্লিষ্ট সকলকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান এবং সংশ্লিষ্ট উইং প্রধান
৫	দপ্তর/সংস্থা ও অধীন সকল অফিসে নিয়মিত উপস্থিতি মনিটরিং জোরদার করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান

০৬। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:-

০৭/১০/১৮

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৮৮.০৬.০১৯.১৮-১৬৪

তারিখ : ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সাটন গার্ডেন, ঢাকা
- ০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৯। উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ/বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইক্সাটন গার্ডেন রোড, ঢাকা
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৪। অফিস কপি/মাস্টার কপি।

১৫/১০/১৮
দীপঙ্কর মন্তব্য

উপসচিব

ফোনঃ ৯৫৭৩২২৭

E-mail: dsdtcadmtc@rthd.gov.bd